



০৩

তারিখ 11 JUN 1989  
পৃষ্ঠা... 1... কলাম... 5

*Handwritten signature/initials*

## শীঘ্র পথকাল ট্রাস্ট গঠিত হবে: এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ শনিবার ফতুল্লার পথকাল চিকিৎসা কেন্দ্র ও যাত্রাবাড়িতে পথকাল স্কুল-৩-এর জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করেন। তিনি ঘোষণা করেন যে শ্রমজীবী (৩-এর পঃ দঃ)

(১ম পঃ পর)  
শিশুদের দেখা-শোনা করার জন্য শীঘ্র পথকাল ট্রাস্ট গঠন করা হবে। খবর বাসসর।

প্রেসিডেন্ট এরশাদ ঢাকা পৌর কর্পোরেশনের (ডিএমসি) প্রশাসক এম এ মালেক এমপি'কে সঙ্গে নিয়ে ফতুল্লা যান এবং সেখানকার শ্রমজীবী শিশু-পথকালদের জন্য চিকিৎসা কেন্দ্র স্থাপনে জনাব হাফেজ মোখতার প্রদত্ত ভবনটি দেখেন।

শ্রমজীবী শিশুদের সাহায্যে এগিয়ে আসার জন্য স্থানীয় সচল লোকদের প্রতি প্রেসিডেন্টের আহ্বানে সাড়া দিয়ে জনাব হাফেজ এই ভবনটি দিয়েছেন।

প্রেসিডেন্ট সেখানে শ্রমজীবী শিশুদের ক'লাদি জানতে তাদের সঙ্গে কথা-বার্তা বলেন।

তিনি অধিকাংশ শ্রমজীবী শিশুর হাতে ফোসকা রোদের তাপে তাদের গায়ের ত্বক পুড়ে যাওয়া ও ফুসকুড়ি দেখে অত্যন্ত দুঃখিত হন।

এই শিশুদের অবস্থা ও তাদের কোন চিকিৎসা সুবিধা নেই দেখে তিনি অত্যন্ত মর্মান্বিত হন।

প্রেসিডেন্ট এরশাদ ডিএমসি ও ঢাকার জেলা প্রশাসককে যত শীঘ্র সম্ভব এই চিকিৎসা কেন্দ্র এবং একটি সুবিধাজনক স্থানে শীঘ্র আর্কেটি এ ধরনের চিকিৎসা কেন্দ্র স্থাপনের নির্দেশ দেন।

তিনি ঘোষণা করেন যে শীঘ্র একটি পথকাল ট্রাস্ট গঠন করা হবে।

তিনি এই হতভাগ্য শিশুদের সাহায্যে এগিয়ে আসতে সমাজসেবীদের প্রতি আহ্বান জানান।

সেখান থেকে ফেরার পথে প্রেসিডেন্ট এরশাদ যাত্রাবাড়িতে পথকাল স্কুল-৩-এর জন্য নির্ধারিত স্থান দেখেন। ডিএমসি এই স্কুল নির্মাণ করছে।

প্রেসিডেন্ট এই স্কুল ভবনে বৃষ্টিমূলক প্রশিক্ষণের স্থান ও ব্যবস্থা রাখার জন্য ডিএমসি'কে নির্দেশ দেন।